দৈনিক ইত্তেফাক

JAN. 22 2002

তারিখ ...............
পৃষ্ঠা ...১... কলাম ...৩...

# জানুয়ারীর মধ্যেই বোর্ডের বই বিতরণের কাজ শেষ হবে

বাসস ॥ বাংলাদেশ টেক্সট বুক বোর্ডের প্রাথমিক স্তরের সকল বই বিতরণের কাজ আগামী ৩১ জানুয়ারীর মধ্যে শেষ হবে। ইতোমধ্যে প্রাথমিক চাহিদার ৮০ ভাগ বই বিতরণ করা হয়েছে। মাধ্যমিক স্তরের সকল বই ছাপার পর বাজারে সরবরাহ করা হয়েছে। টেক্সট বুক বোর্ডের চেয়ারম্যান ডঃ সফিউর রহমান জানান, চাহিদা অনুযায়ী প্রাথমিক স্তরের ৬ কোটি ৪ লাখ বই বিনামূল্যে বিতরণ এবং মাধ্যমিক স্তরের ১ কোটি ৯৯ লাখসহ মোট প্রায় ৮ কোটি ৩ লাখ নতুন বই ছাপানোর সিদ্ধান্ত নেয়া হয়। ১৯৬৪ সালে টেক্সট বুক বোর্ড প্রতিষ্ঠার পর এই প্রথমই জানুয়ারী মাসের মধ্যে সকল বই ছাত্র-ছাত্রীদের কাছে পৌছানো সম্ভব হয়েছে। গত বছর ছাত্র-ছাত্রীদের কাছে বই পৌছাতে এপ্রিল মাস পর্যন্ত সময় লেগে যায়। তিনি বলেন, প্রাথমিক স্তরের বিভিন্ন শ্রেণীর মোট ৩১টি বই ছাপা হয়। বিশ্বব্যাংক, এশীয় উন্নয়ন ব্যাংক এবং নরওয়ের সাহায্য সংস্থা নুরাট বইয়ের কাগজ কেনার জন্য আর্থিক সহায়তা প্রদান করে। গত বছর পর্যন্ত নিউজপ্রিন্টে বই ছাপা হলেও এবার ছাপা হয়েছে হোয়াইট প্রিন্টে।